অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটের টিকাদান পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি প্রথম ডোজের 93% প্রদান করেছে

রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে ; ny.gov/vaccinetracker যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ স্টেটের টিকাদান কর্মসূচি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। নিউ ইয়র্কের স্বাস্থ্য পরিচর্যা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত প্রথম ডোজগুলির মধ্যে 93 শতাংশের পরিচালনা করেছে। দেশের অনেকখানি জায়গায় প্রভাব ফেলা শীতকালীন ঝড়ের কারণে ফেডারেল সরকারের সপ্তাহ 10 এর বরাদ্দকরণ বিলম্বিত হয়েছে, কিন্তু অবশিষ্ট সপ্তাহ 10 এর সরবরাহটি আজ আসছে এবং আগামী কয়েকদিনের ধরে আসতে থাকবে। সপ্তাহ 11 সপ্তাহের বরাদ্দকরণ মাঝখানে আসতে শুরু করবে।

"নিউ ইয়র্কে টিকা সরবরাহকারীদের একটি বিশাল নেটওয়ার্ক আছে যাতে প্রতিটি যোগ্য নিউ ইয়র্কবাসীর টিকা পাওয়া নিশ্চিত করা যায়, যার মধ্যে কমিউনিটি ভিত্তিক গণ টিকাও আছে, যেমন আমি আজ ব্রুকলিনের কেন্দ্রস্থলে মেডগার এভারস কলেজে (Medgar Evers College) ঘুরে দেখেছি," **গভর্নর কুওমো বলেন।** "এই টার্গেট করা সাইটগুলো প্রবেশাধিকার উন্নত করে এবং এই টিকা কৃষ্ণাঙ্গ, বাদামী এবং দরিদ্র সম্প্রদায়ের মধ্যে নিয়ে আসে যারা এই মহামারীতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু শুধুমাত্র প্রবেশাধিকার বৃদ্ধি যুদ্ধে জয়লাভ করে না। আমরা কৃষ্ণাঙ্গ এবং হিস্পানিক নিউ ইয়র্কবাসীদের মধ্যে এই টিকার প্রতি জন আস্থার অভাব দেখতে পাচ্ছি। আমি অবিশ্বাস বুঝতে পারছি, কিন্তু এই টিকার সাথে এটা সত্য নয়। আমরা সামাজিক সমতা এবং ন্যায্যতাকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রাখবো যতক্ষণ না প্রত্যেক নিউ ইয়র্কবাসী এই টিকা পাওয়ার সুযোগ পায় এবং নিউ ইয়র্ক COVID-মুক্ত হয়।"

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী এই টিকা পাওয়ার যোগ্য। নিউ ইর্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকা সরবরাহকে বহু পরিমাণে ছাড়িয়ে গেছে। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে

উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

'আমি কি যোগ্য' স্ক্রিনিং টুলটি কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত সমস্যা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে এবং আগামী সপ্তাহগুলোতে একটি রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্টগুলি দেওয়া হচ্ছে। পরের সপ্তাহ থেকে শুরু করে, স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিও এই ব্যক্তিদের জন্য টিকার বরাদ্দকরণ পাবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: সপ্তাহ 9 থেকে শুরু করে, মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম (Long Term Care Facility program) থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে। নিচের বরাদ্দ মোটের মধ্যে 10 সপ্তাহের বরাদ্দের 60 শতাংশ অন্তর্ভুক্ত।

রাজ্য ব্যাপী বিশদ তথ্য

প্রাপ্ত প্রথম ডোজ - 2,406,535
প্রদান করা প্রথম ডোজ - 2,228,283
প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 1,337,275
প্রদান করা দ্বিতীয় ডোজ - 1,155,870

অঞ্চল	**প্রাপ্ত মোট ডোজ (1ম ও 2য়)**	**প্রদান করা মোট ডোজ (1ম ও 2য়)**	**মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে (1ম ও 2য়)**
Capital Region	235,880	210,566	89%
Central New York	199,220	183,436	92%
Finger Lakes	223,975	211,239	94%
Long Island	468,995	422,457	90%
Mid-Hudson	352,475	287,559	82%
Mohawk Valley	107,905	92,830	86%

New York City	1,667,015	1,505,241	90%
North Country	122,705	120,511	98%
Southern Tier	118,595	114,489	97%
Western New York	247,045	235,825	95%
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	3,743,810	3,384,153	90%

	স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে	**নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলিতে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে**	**মোট**	**ক্রমসঞ্চিত**
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	90,675	0	90,675	N/A
সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27	392,025	0	392,025	482,700
সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03	201,500	0	201,500	684,200
সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10	160,050	90,675	250,725	934,925
সপ্তাহ 5: ডোজ আসছে	209,400	45,825	255,225	1,190,150

01/11 – 01/17				
সপ্তাহ 6: ডোজ আসছে 01/18–01/24	250,400	428,100	678,500	1,868,650
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	250,400	160,450	410,850	2,279,500
সপ্তাহ 8: ডোজ আসছে 02/01 – 02/07	320,525	208,800	529,325	2,808,825
সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14	317,700	244,500	562,200	3,371,025
সপ্তাহ 10: ডোজ আসছে 2/15 – 2/21*	213,860	158,925	372,785	372,785

*****_এই সংখ্যা 10 সপ্তাহের বরাদ্দের 60 শতাংশ প্রতিনিধিত্ব করে।_

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 93 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দকরণের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়ে গেছে। যে নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যেতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলব্ধ আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘণ্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফ্যাসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন